প্রশ্নঃ ১৯৭. কার্টুন তৈরী করে বিক্রয় করা কি জায়েজ? কল্পিত ক্যারেক্টার তৈরী করে বিক্রয় করা কি জায়েজ আছে? একটু ক্লিয়ারলী জানতে আগ্রহী। অ্যানিমেশনের মাধ্যমে কার্টুন তৈরি করা বৈধ হওয়া না হওয়ার ব্যাপারে ওলামায়ে কেরামের মতপার্থক্য রয়েছে। যেসব জিনিসের প্রতি তাকানো নাজায়েজ কার্টুন এ সেসব জিনিস থাকলে সে কার্টুন তৈরি করা নাজায়েজ। যেমন: নারী পুরুষের সতর উন্মুক্ত করা।

যে বিষয়গুলো বৈধ নয় সে বিষয়ে সংশ্লিষ্ট কার্টুন তৈরি করা ও বৈধ নয়। যেমন: মিথ্যা অন্যায় কিংবা গুনাহের চর্চা হয় এমন বিষয় সংশ্লিষ্ট কার্টন

যে কার্টুনগুলোতে গুনাহের কিছু নেই কিন্তু এগুলো দেখার কারণে সময় নষ্ট হয় সেগুলো তৈরি করা বৈধ হবে না যেহেতু এগুলো অনর্থক কাজের অন্তর্ভুক্ত।

কার্টুন যদি শিক্ষনীয় হয় এবং তাতে গুনাহের কোন বিষয় না থাকে তাহলে তা বৈধ হবে। গুধু প্রাণীর ছবি হওয়ার কারণে অনেকে অবৈধ বললেও তাকী উসমানী সাহেব ফাতহুল মুলহিমে আলোচনা করে এটিকে বৈধতা দিয়েছেন। দারুল উলুম করাচির ফতোয়াও এরকম। কার্টুন যদি প্রাণীর ছবি ছাড়া- পাহাড়-পর্বত, নদী, জলাধার, মরুভূমি, ঘরবাড়ি, শহর-বন্দর ইত্যাদি যুক্ত হয় তাহলে তা সবার কাছে বৈধ।

বৈধ কার্টুন তৈরি করা, বিক্রি করা এবং দেখা বৈধ। অবৈধ কার্টুন তৈরি করা বিক্রি করা এবং দেখা অবৈধ।

???????????: ?/???-??? I

অনলাইনে দেখার জন্য স্ক্যান করুন:

